

২০২০

স্নাতক পরীক্ষা

সাম্মানিক বাংলা

তৃতীয় পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

প্রথম অর্থ

(মান : ৫০)

- ১। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৪ \times ২ = ৮$
- ক) ওয়াশ্‌টন স্কটের একটি কাব্য ও একটি উপন্যাসের নাম লেখো।
- খ) বায়রনের প্রথম কাব্যগ্রন্থ ও তাঁর ভ্রমণ-নির্ভর কাব্যগ্রন্থটির নাম লেখো।
- গ) 'The Last Essays of Elia' – কার রচনা এবং কবে প্রথম প্রকাশিত হয়?
- ঘ) টি. এস. এলিয়টের দুটি বিখ্যাত কাব্যের নাম লেখো।
- ঙ) রামায়ণের কাহিনি অবলম্বনে লেখা ভাস-রচিত দুটি নাটকের নাম লেখো।
- চ) মহাভারতে মোট পর্ব ও শ্লোক সংখ্যা কত লেখো।
- ছ) কালিদাসের লেখা চারটি নাটকের নাম উল্লেখ করো।
- জ) মেঘদূতম্ ও কুমারসম্ভবের রীতিগত পার্থক্য লেখো।

[পরের পাতায়]

- ২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে অন্ততপক্ষে একটি প্রশ্নসহ মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : $৩ \times ৬ = ১৮$

- ক) শেলি কে, কোন্ যুগের কবি? গীতিকবি হিসাবে শেলির কৃতিত্ব আলোচনা করো। $১+৫$
- খ) কবি ওয়ার্ডসওয়ার্থের কাব্য বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো। 'Lyrical Ballads'-এর প্রথম সংস্করণে কোলরিজ ও ওয়ার্ডসওয়ার্থের ক'টি করে কবিতা ছিল? $৪+২$
- গ) কথাশিল্পীরূপে চার্লস ডিকেন্সের মূল্যায়ন করো। ৬
- ঘ) কালিদাসের কাব্যপ্রতিভার সংক্ষিপ্ত মূল্যায়ন করো। ৬
- ঙ) রামায়ণ রচয়িতা হিসাবে বাস্কীকির প্রতিভার পরিচয় দাও। একজন হিন্দি রামায়ণ অনুবাদকের নাম লেখো। $৫+১$
- চ) মহাভারত 'একটি জাতির স্বরচিত স্বাভাবিক ইতিহাস' — মন্তব্যটি বিচার করো। ৬
- ৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : $২ \times ১২ = ২৪$
- ক) নাট্যকার শেক্সপীয়রের আবির্ভাবকাল লেখো। ট্রাজেডি নাটক সূত্রে তাঁর নাট্যকার সত্তার সম্যক পরিচয় দাও। $২+১০$
- অথবা
- ইংরেজি সাহিত্যের ইতিহাসে মিলটনের ভূমিকাটি পর্যালোচনা করো। বাংলা সাহিত্যে মিলটনের প্রভাব সম্পর্কে অতি সংক্ষেপে তোমার অভিমত ব্যক্ত করো। $১০+২$
- খ) সংস্কৃত সাহিত্যের ইতিহাস সূত্রে নাট্যকার শূদ্রকের পরিচয় দাও। নাট্যকার হিসাবে তাঁর সৃষ্টির সার্বিক মূল্যায়ন করো। $২+১০$
- অথবা
- জয়দেব কোন্ সময়ের কবি? তাঁর সৃষ্ট কাব্যের আলোচনা করে দেখাও কোন্ কোন্ কারণে কাব্যটি এত জনপ্রিয়? $২+১০$

11/Beng.

[2]

দ্বিতীয় অর্থ

(মান : ৫০)

- ৪। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৪ \times ২ = ৮$
- ক) বাংলা ভাষায় স্বরধ্বনির সংখ্যা ক'টি ও কী কী? এর মধ্যে কোনটি বাংলা বর্ণমালায় নেই?
- খ) দৃষ্টান্ত সহযোগে 'মুণ্ডমাল' শব্দের সংজ্ঞা দাও।
- গ) বিষমীভবন কাকে বলে? উদাহরণ দাও।
- ঘ) অলংকার ব্যবহারজনিত কারণে শব্দার্থ পরিবর্তনের দুটি উদাহরণ দাও।
- ঙ) বাংলা ভাষায় দ্বিমাত্রিকতা বলতে কী বোঝায়? উদাহরণ দাও।
- চ) অন্ত্যমধ্যস্তরের বাংলা ভাষার কালসীমা কত? কোন্ কোন্ রচনায় এই সময়ের ভাষার নিদর্শন পাওয়া যায়?
- ছ) ভাষাতাত্ত্বিক ঢাকা লেখো :
থাম, গোলাপ
- ৫। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : $৩ \times ৬ = ১৮$
- ক) ভারতীয় আর্ষভাষাগুলির স্তরভেদ ও কালসীমা উল্লেখ করো। সংস্কৃতকে বাংলা ভাষার জননী বলা যায় কিনা, তা দু-চার কথায় লেখো। $৪ + ২$
- খ) রাঢ়ী উপভাষার এলাকা চিহ্নিত করো। এই উপভাষার অন্তত দুটি করে ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো। $১ + ৫$

11/Beng.

[3]

[পরের পাতায়]

- গ) ভাষাতাত্ত্বিক ঢাকা লেখো (যে-কোনো চারটি) : $৪ \times ১ \frac{১}{২} = ৬$

আমড়া, আলতা, উজবুক, গবাক্ষ, ঘটি, গাঙ, ময়দা

- ঘ) IPA-তে লিপ্যন্তর করো :
আজ দোল। বসন্তোৎসব। বৈতালিকের ধ্বনিতে ঘুম ভেঙে যাবার পর থেকেই সুরে ভরে আছে সমস্তটা দিন। সে শুধু গানেরই সুর নয়, রূপেরও সুর, স্পর্শেরও। ৬
- ঙ) সমাপিকা ক্রিয়া কাকে বলে? পুরুষ ও কালভেদে যে-কোনো একটির রূপবৈচিত্র্য সংক্ষেপে লেখো। $২ + ৪$
- ৬। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $২ \times ১২ = ২৪$
- ক) রেখাচিত্র ও কালসীমাসহ বাংলা ভাষার জন্মউৎসগত বিবর্তনের ইতিহাস লেখো। এই ভাষার যুগবিভাগ কীরূপ উল্লেখ করো। $১০ + ২$
- খ) উচ্চারণ প্রকৃতি অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির বর্গীকরণ বা শ্রেণিবিভাগ করো। মূর্ধণ্য ধ্বনি কোনগুলি? এই ধ্বনির অপর নাম কী? $১০ + ১ + ১$
- গ) শব্দার্থতত্ত্ব বলতে কী বোঝায়? শব্দার্থ পরিবর্তনের কারণগুলো উদাহরণসহ উল্লেখ করো। $২ + ১০$
- ঘ) ধ্বনিতত্ত্ব কী? বর্ণনামূলক ভাষাবিজ্ঞানে প্রধানত কী কী ভাবে ধ্বনি পরিবর্তন ঘটে? রীতি বা সূত্র অনুযায়ী 'বিবর্তন বা সংযোগমূলক ধ্বনি পরিবর্তন' ব্যাখ্যা করো। $২ + ১০$

11/Beng.

[4]